মেহেরপুরে কৃষকদের মাঝে কীটনাশক স্প্রে মেশিন বিতরণ

মেহেরপুর সদর উপজেলার কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতি ও কীটনাশক স্প্রে মেশিন বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার (৪ আগস্ট) সকাল ১১টার দিকে জেলা পরিষদ হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) এইচ এম সালাউদ্দীন মনজুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদ প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

জেলা পরিষদের প্রধান সহকারী জাহিদুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

প্রধান অতিথির বক্তব্যে জাভেদ মাসুদ মিল্টন বলেন, আধুনিক কৃষি যন্ত্রপাতি ও কীটনাশক স্প্রে মেশিন কৃষকদের উৎপাদন ব্যয় কমাতে এবং ফসল ও সবজি উৎপাদন বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি বলেন, কৃষকের উন্নয়ন মানেই দেশের উন্নয়ন। কৃষিকে আরও আধুনিক ও লাভজনক করতে জেলা পরিষদ কৃষকদের পাশে রয়েছে এবং ভবিষ্যতেও এ ধরনের সহায়তা অব্যাহত থাকবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, সদর থানা যুবদলের সভাপতি লিয়াকত আলী প্রমুখ।

অনুষ্ঠানে সদর উপজেলার বিভিন্ন এলাকার কৃষকদের হাতে কীটনাশক স্প্রে মেশিন তুলে দেওয়া হয়। তাদের মধ্যে ছিলেন আমঝুপি গ্রামের মোঃ মোহাম্মদ হোসেন, অহিদুল হক, মামুন জোলা,গোভীপুরের ফজলুর রহমান ও বহলুল রহমান , রাজাপুর আদর্শ গ্রামের আবুবকর আলী, বারাকপুরের সেলিম জোলা, বরিয়ারপুরের বহলুল রহমান, পিরোজপুরের বহলুল রহমান, বহলুল রহমান ও আব্দুল ইসলাম ,পিরোজপুরে মোঃ নুরা মন্ডল,কলাইডাঙ্গার কামরুজ্জামান, উজলপুরের কামরুজ্জামান, বাবলাকপুরের কামরুজ্জামান, দরিয়াপুরের অহিদুল হক ও জাহিদুল ইসলামসহ এ সময় মোট ৮৮ জন প্রকৃত চাষির মাঝে কীটনাশক স্প্রে মেশিন বিতরণ করা হয়।